আইনশৃঙ্খলা বাহিনীর কিছু কর্মকর্তা ফ্যাসিস্ট শক্তির সঙ্গে যুক্ত: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

পুলিশসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কয়েকজন কর্মকর্তা ফ্যাসিস্ট শক্তির সঙ্গে সম্পৃক্ত বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তাদের ওপর কঠোর নজরদারি রাখা হয়েছে বলেও জানান তিনি।

বুধবার (২৫ নভেম্বর) সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সুনির্দিষ্ট অভিযোগ ও তথ্যের ভিত্তিতে ইতোমধ্যে কয়েকজন পুলিশ কর্মকর্তাকে গ্রেপ্তার করা হয়েছে। তারা রাষ্ট্রদ্রোহ মামলায় কারাগারে রয়েছেন। তাদের বিরুদ্ধে বিভাগীয় মামলাও হয়েছে।

তিনি বলেন, দল হিসেবে আওয়ামী লীগের মানবতাবিরোধী অপরাধের তদন্ত শেষ পর্যায়ে। তবে দলটি নিষিদ্ধ হবে কি না, সে সিদ্ধান্ত আদালতের।

স্বরাষ্ট্রমন্ত্রী কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগকে সন্ত্রাসী গোষ্ঠী হিসেবে উল্লেখ করে বলেন, রাজনৈতিক দল হিসেবে তাদের কোনো স্বীকৃতি নেই। চব্বিশের গণঅভ্যুত্থানে গণহত্যার পর দলটির পতন হয়েছে এবং নেতারা দেশ ছেড়ে আশ্রয় নিয়েছেন।

তিনি আরও বলেন, গণহত্যা চালানো ফ্যাসিস্ট ও অগণতান্ত্রিক শক্তির রাজনীতিতে ফেরার সুযোগ নেই। জার্মানির নাৎসি বাহিনীর মতো এসব শক্তি আর রাজনীতি করতে পারেনি। জাতীয় সংসদেও তিনি বলেছেন, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ, ফ্যাসিস্ট গোষ্ঠী ও ফ্যাসিবাদী মাফিয়া শক্তি বাংলাদেশে ফিরে রাজনীতি করতে পারবে না।

তবে প্রত্যর্পণ চুক্তি অনুযায়ী তাদের দেশে ফিরিয়ে আনার বিষয়ে সংশ্লিষ্ট দেশের সঙ্গে কূটনৈতিক যোগাযোগ চলছে বলে জানান তিনি। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে চিঠি পাঠানো হয়েছে। সংশ্লিষ্ট দেশ আইন অনুযায়ী বিষয়টি পর্যালোচনা করে ব্যবস্থা নেবে বলে জানিয়েছে।